

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৫১৩

তারিখঃ ৩১/০৩/২০১৮ খ্রিঃ
সময়ঃ রাত ৯.০০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত বিশেষ প্রতিবেদন (২য় বার)।

গতকাল ৩০/০৩/২০১৮ খ্রিঃ থেকে দেশের বেশ কয়েকটি জেলায় কালবৈশাখী ঝড়সহ শীলা বৃষ্টি সংঘটিত হয়। ঝড় ও শীলা বৃষ্টির কারনে কয়েকটি জেলায় বেশ কিছু ক্ষয়ক্ষতি হয়েছে। জেলাসমূহের ক্ষয়ক্ষতির তথ্য নিয়ে প্রদান করা হলোঃ

মাগুরাঃ জেলা প্রশাসক জানান যে, গতকাল ৩০.০৩.২০১৮ খ্রিঃ বিকাল ৫টা হতে ৫.৪৫ পর্যন্ত জেলার উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে যায়। ফলে জেলায় অনেক ঘরবাড়ি এবং ফসলের ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। ঝড়ে ৩ জন নিহত এবং ১০ জন আহত হয়েছে। জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেছেন। নিহতদের তথ্যাদিঃ

ক্রঃ	উপজেলা	মৃত ব্যক্তির নাম ও ঠিকানা
১	সদর	আলী, পিতা- আঃহাই, গ্রামঃমোদ্রাপাড়া, উপজেলা সদর, জেলা-মাগুরা।
২	সদর	আকবর হোসেন, পিতা- মদন মোদ্রা, গ্রামঃডহরসিংড়া, উপজেলা সদর, জেলা-মাগুরা
৩	মোহাম্মদপুর	রোহান, পিতা- কামরুল হাসান, গ্রামঃরাজাপুর, উপজেলা মোহাম্মদপুর, জেলা-মাগুরা

কিশোরগঞ্জঃ জেলা ত্রাণ পুনর্বাসন কর্মকর্তা জানান যে, গতকাল ৩০/৩/২০১৮ খ্রিঃ তারিখ বিকালে কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলায় কালবৈশাখী ঝড় হয়। আলমগীর মিয়া, বয়স ৩০, পিতা আবুল কালাম নামে এক ব্যক্তি বজ্রপাতে নিহত হন।

রংপুরঃ জেলা প্রশাসক জানান যে, ৩০/০৩/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১টা থেকে ১.৩০ পর্যন্ত রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার টুকুরিয়া, মদনখালী, চতরা, কাবিলপুরে ও বড় আলমপুর ইউনিয়নে ব্যাপক শীলা বৃষ্টি হয়। শীলা বৃষ্টিতে টিনের ঘড়বাড়ি ও ফসলের অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। শীলা বৃষ্টিতে ৩ জন গুরুতর আহত হয়ে রংপুর মেডিকলে চিকিৎসাধীন আছেন।

পাবনাঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, ৩০/৩/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল আনুমানিক ৩ টায় সুজানগর উপজেলার দুবলাই ইউনিয়নের ৩ টি গ্রামের উপর দিয়ে টর্নেডো বয়ে যায়। এতে ৯১ টি ঘরবাড়ি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়েছে। চাটমহর উপজেলায় বিকাল ৩টায় ব্যপক হারে শীলাবৃষ্টি হয়। এতে ১২২টি পরিবারের ঘর-বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। শীলার আঘাতে ইশ্বরদী উপজেলায় জমেনা (৭২), স্বামী- দেলবর, গ্রাম- কামালপুর মৃত্যুবরণ করেছেন। ৪১জন আহত হয়েছে, তন্মধ্যে ২৫জন প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেছে। বাকি ১৬জন হাসপাতালে চিকিৎসাধীন আছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ হতে মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। এছাড়া আহত ব্যক্তিদের প্রত্যেককে ৫,০০০/- টাকা করে এবং ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের জন্য পরিবার প্রতি ২,০০০/- টাকা ও ২০ কেজি করে চাল বরাদ্দের প্রক্রিয়া চলছে।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আরো জানান যে, আজ ৩১.৩.২০১৮ খ্রিঃ সকাল ৭.৩০টায় পাবনা জেলার সুজানগর উপজেলায় পিয়াজের ক্ষেতে কাজ করার সময় বজ্রপাতে ৩ ব্যক্তি মারা গেছে। মৃত ব্যক্তিগণ হলেন (১) মোঃ আলিম (৩৫), পিতা- আঃ আজিজ মোদ্রা, গ্রাম বিক্রমাদিত্ত, উপজেলা- সুজানগর; (২) দুলাল সাহা (৪০), পিতা- আঃ মোস্তাফিজ খা, গ্রাম- বিক্রমাদিত্ত, উপজেলা- সুজানগর; (৩) লইমুদ্দিন সেখ (৫০), পিতা- মৃত মোতাহার হোসেন, গ্রাম- মানিকহাট, উপজেলা- সুজানগর।

সিলেটঃ জেলা প্রশাসক জানান যে, ৩০/৩/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৪-৬টা পর্যন্ত উসমানি নগর উপজেলায় কালবৈশাখী ঝড় বয়ে যায়। একজন মহিলা ঝড়ে মারা গেছে। ঝড়ে বেশকিছু ঘর-বাড়ি ক্ষয়ক্ষতি হয়।

দিনাজপুরঃ জেলা প্রশাসক জানান যে, ৩০/৩/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২-১টা পর্যন্ত সময়ে পার্বতীপুর উপজেলায় শীলাবৃষ্টি হয়। শীলাবৃষ্টিতে সৈয়দালী নামে এক ব্যক্তি মারা গেছে। বয়স আনুমানিক ৬০ বছর।

ঢাকাঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা জানান যে, আজ ৩১/৩/২০১৮ খ্রিঃ তারিখ সকালে ঢাকা জেলার প্রায় সব কয়টি উপজেলার উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে গেছে। তিনি জানান যে, ঝড়ে কোন লোক মারা যায় নাই বা আহত হয় নাই। বিস্তারিত তথ্য পরবর্তীতে জানানো হবে মর্মে তিনি জানান।

যশোরঃ জেলা প্রশাসক জানান যে, গতকাল ৩০/০৩/২০১৮ খ্রিঃ তারিখ সন্ধ্যায় ঝড়ে বিদ্যুতের তার ছিঁড়ে শরীরের উপর পড়ে যাওয়ায় যশোর জেলার অভয়নগর উপজেলার সোহেলী আক্তার লাজুক (১৭), পিতা :মোহাম্মদ মুস্তাহার রহমান, গ্রামঃপ্রেমবাগ, ইউনিয়নঃ ১নং প্রেমবাগ, উপজেলা অভয়নগর মারা গেছে। এ ছাড়াও এ ঘটনায় ৩ জন আহত হয়েছে। আহতরা চিকিৎসাধীন রয়েছে। নিহতের পরিবারকে এবং আহতদের আর্থিক সাহায্য প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে বলে জেলা প্রশাসক জানান।

বরগুনাঃ জেলা প্রশাসক জানান যে, আজ ৩১.০৩.২০১৮ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ৯.৩০টা থেকে ১০.০০ পর্যন্ত সময়ে তালতলি উপজেলার সোনাকাটা ইউনিয়নে বজ্রসহ বৃষ্টিপাত হয়। বৃষ্টিপাতকালীন সময়ে বজ্রপাতে ১ জন মারা গেছে। নিহতের নাম মোঃ সজল(২২), পিতা: মোঃ সুলতান, গ্রাম: মরানিদ্দা, ইউনিয়ন: মিশনবারিয়া। নিহত ব্যক্তির পরিবারকে আর্থিক সহায়তা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় পদত বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক ২০ হাজার টাকা প্রদান করা হয়েছে।



